

বুয়েট-চুয়েটে ভর্তির সুযোগ পেলেন কোরআনে হাফেজ যমজ দুই ভাই

অনলাইন ডেস্ক

১২ মার্চ, ২০২৫ ২০:৩৯

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

এবার ২০২৪-২৫ শিক্ষাবর্ষে বুয়েট এবং চুয়েটের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন পবিত্র কোরআনের হাফেজ যমজ দুই ভাই। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) সুযোগ পেয়েছেন হাফেজ মো. মুজাহিদুল ইসলাম এবং চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (চুয়েট) ভর্তির সুযোগ পেয়েছেন হাফেজ মো. আজহারুল ইসলাম।

এই শিক্ষার্থীদের বাড়ি চাঁদপুরের হাজীগঞ্জ উপজেলার রায়চৌঁ গ্রামে। তারা উপজেলার ৬ নম্বর বড়কুল পূর্ব ইউনিয়নের গ্রামের হাফেজ বাড়ির হাফেজ মো. আবুল কাশেমের সন্তান।

জানা যায়, চার ভাইয়ের মধ্যে তারা সবার ছোট। বড় ভাই মোস্তফা আমির ফয়সাল ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অনার্স-মাস্টার্স সম্পূর্ণ করেছেন। অন্যজন চট্টগ্রাম থেকে এমবিএ করছেন।

আবুল কাশেম জানান, তার হাফেজ যমজ দুই সন্তান হাজীগঞ্জ আহমদিয়া কামিল মাদরাসা থেকে দাখিল পরীক্ষায় জিপিএ ৫ পেয়েছিলেন।

পরে হাজীগঞ্জ ডিগ্রি কলেজে ভর্তি হয়ে সেখান থেকে জিপিএ ৫ নিয়ে এইচএসসি পাস করেন। তারপর তারা দুজন
বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা দেওয়ার পর একজন বুয়েটে এবং একজন চুয়েটে উত্তীর্ণ হন।